**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন যে MTA নিউ ইয়র্ক সিটির সকল সাবওয়ে কারে সিকিউরিটি ক্যামেরা লাগবে

***নতুন তহবিল ট্রেন কার এবং স্টেশনে থাকা বিদ্যমান ক্যামেরাসমূহের সম্পূরক***

***অতিরিক্ত ক্যামেরা লাগানোর ফলে সম্পূর্ণ সাবওয়ে ফ্লিটে প্রতিটি ট্রেন কারে দুইটি করে ক্যামেরা থাকবে***

***অপরাধ ঠেকাতে এবং সাবওয়েতে নিরাপত্তা জোরদার করতে গভর্নর হোকলের সর্বশেষ ব্যবস্থা***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (New York City Transit) 2 মিলিয়ন মার্কিন আর্বান এলাকার নিরাপত্তা উদ্যোগ (Urban Area Security Initiative) ফেডারেল অনুদান কর্মসূচির মাধ্যমে, যা সাবওয়ে কারের সম্পূর্ণ ফ্লিটে ক্যামেরা লাগানোর জন্য তহবিল প্রদান করব, যা সিকিউরিটি কভারেজ উন্নয়ন করবে এবং সবথেকে গুরুত্বপূর্ণ হলো, গণপরিবহন ব্যবস্থায় যাত্রীর আস্থা বর্ধিত করবে। আর্বান এলাকার নিরাপত্তা উদ্যোগ মার্কিন হোমল্যান্ড নিরাপত্তা ডিপার্টমেন্টের (U.S. Department of Homeland Security) প্রস্তুতি অনুদানের অধীনস্থ একটি কর্মসূচি। তহবিলটি দিয়ে 2,700 নিউ ইয়র্ক সিটি ট্রানজিট সাবওয়ে কারে, প্রতিটিতে দুইটি করে লাগানোর জন্য 5,400 ক্যামেরা কেনা যাবে। পাশাপাশি, কর্মসূচিটি আনুমানিক 130টি সাবওয়ে স্টেশনে আনুমানিক 3,800 ক্যামেরা দিয়ে কভারেজ বিস্তৃত করবে।

"গভর্নর হিসেবে আমার এক নম্বর অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা," **গভর্নর হোকল বলেন।** "আমি গর্বিত যে আমরা সকল সাবওয়ে কারে ক্যামেরা লাগাতে যাচ্ছি - এটি আমাদের নিরাপত্তা সক্ষমতা বিস্তৃত করবে, অপরাধ কমাবে, এবং আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলিকে সমর্থন প্রদান করবে। যখন আমরা ট্রানজিট ব্যবস্থায় যাত্রীদের পুনরায় স্বাগত জানাচ্ছি, তখন আমরা যাত্রীদের নিরাপদ রাখতে আমাদের ক্ষমতার মধ্যে সম্ভব সবকিছু করবো।"

তহবিলটি NYC ট্রানজিটের 472 সাবওয়ে স্টেশনের সবগুলিতে বিদ্যমান 10,000 ক্যামেরার সিকিউরিটি নেটওয়ার্ককে আরো জোরদার করবে। নতুন তহবিল 6,355টি কারে ক্যামেরা

লাগানোর খরচ বহন করে, যার ফলে MTA প্রত্যেক সাবওয়ে কারে ক্যামেরা লাগাতে পারবে, যা একটি বিদ্যমান ক্যামেরা পাইলট কর্মসূচির সম্পূরক হবে যেখানে 100টি সাবওয়ে কারের জন্য 200টি ক্যামেরা অন্তর্ভুক্ত আছে। পাশাপাশি, সাবওয়ে কর্মপরিকল্পনা (Subway Action Plan) থেকে পাওয়া মোট 3.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল দিয়ে 3,655 কারের জন্য, প্রতি কারের জন্য দুইটি করে, 7,310টি ক্যামেরা কেনা যাবে। ক্যামেরা লাগানো শেষ করতে মোট তহবিলের পরিমাণ 5.5 মিলিয়ন মার্কিন ডলার। লাগানোর কাজ শুরু হলে প্রতি মাসে অতিরিক্ত 200টি ট্রেন কারে ক্যামেরা লাগানো হবে যতদিন পর্যন্ত সম্পূর্ণ সাবওয়ে কার ফ্লিটে ক্যামেরা থাকে, যা 2025 সালের কোনও সময়ে শেষ হবে বলে আশা করা যাচ্ছে। পাশাপাশি, যখন 2023 সালের শুরুর দিকে নতুন R211 সাবওয়ে কার আসা শুরু হবে, সেগুলিতে ক্যামেরা লাগানো থাকবে।

এটি নিউ ইয়র্ক সিটি সাবওয়েগুলিতে অপরাধ ঠেকাতে এবং সাবওয়েতে নিরাপত্তা জোরদার করতে গভর্নর হোকলের সর্বশেষ গৃহীত ব্যবস্থা। জুন মাসে, গভর্নর হোকল বিধিমালায় স্বাক্ষর করেন যা প্রায় 11,000-র বেশি পরিবহন কর্মীকে আক্রমণ ও হয়রানি থেকে সুরক্ষা প্রদান করে। বিধিমালাটি যারা পূর্বের আইনের আওতায় সুরক্ষিত ছিলো না, অর্থাৎ স্টেশনের কাস্টোমার অ্যাসিস্টেন্ট, টিকেট বা রাজস্ব সংগ্রহকারী, রক্ষণাবেক্ষণ কর্মী, মেরামতকারী, পরিচ্ছন্নতা কর্মী এবং তাদের সুপারভাইজারকে আক্রমণ করা ব্যক্তির বিরুদ্ধে ফৌজদারি অভিযোগ দায়ের করতে দেয়।

**MTA-র প্রধান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন,** "যেমনটি আমি আগেও বহুবার বলেছি, যারা ট্রানজিট ব্যবস্থায় অপরাধ করে তাদের সনাক্ত করা হবে ও বিচার করা হবে। যাত্রীদের জানা উচিত যে তাদের সম্পূর্ণ যাত্রায় আমরা তাদের সাথেই আছি এবং এই উল্লেখযোগ্য উন্নয়ন কাজ, যা গভর্নর হোকলের প্রদত্ত নতুন মার্কিন ডলার দ্বারা সম্ভব হচ্ছে, গণপরিবহন ব্যবস্থার নিরাপত্তা নিয়ে নিউ ইয়র্কবাসীর আত্মবিশ্বাস পুনরায় জোরদার করার ক্ষেত্রে একটি বড় ধাপ হবে।"

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "জননিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার এবং নতুন এই নিরাপত্তা উদ্যোগ এটি নিশ্চিত করার কাজ আরো অগ্রসর করবে যাতে নিউ ইয়র্কবাসীদের যেখানে যাওয়া প্রয়োজন, সেখানে তারা নিরাপদে যেতে পারে। গণপরিবহন নিউ ইয়র্ক সিটির মেরুদণ্ড, এবং যখন যাত্রীরা নিজেদের সুরক্ষিত মনে করে তখন সম্পূর্ণ ব্যবস্থাটি মাথা উঁচু করে দাঁড়াতে পারে। আমি নতুন এই কর্মসূচিটি নিঃসন্দেহে যেই ইতিবাচক পরিবর্তন আনবে তা দেখতে এবং একইসাথে সকল যাত্রীর জন্য আমাদের সাবওয়েকে নিরাপদ রাখতে গভর্নর হোকলের সাথে কাজ করে যাওয়ার জন্য উন্মুখ।"

**NYPD কমিশনার কিশ্যান্ট এল. সিওয়েল বলেন,** "দেশের সর্ববৃহৎ সাবওয়ে ব্যবস্থাজুড়ে প্রতিদিন আমাদের উপর নির্ভর করে থাকে তাদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে NYPD এর চলমান কাজ অব্যাহত রাখতে এক ইঞ্চিও ছাড় দিবে না। এটি আমাদের মৌলিক প্রতিজ্ঞা যে আমরা অপরাধ, সন্ত্রাসবাদ এবং গোলমাল ঠেকাতে নিবেদিত থাকবো। NYPD ইতিমধ্যে অপরাধ সমাধান করতে অত্যন্ত সফলতার সাথে বিদ্যমান MTA ক্যামেরা ব্যবহার করে। এখন, যেহেতু যাত্রী বৃদ্ধি পাচ্ছে এবং ট্রানজিট ব্যবস্থায় মোট মারাত্মক অপরাধ প্রাক-মহামারী পর্যায়ের নিচে ফেরত যাচ্ছে, যা স্টেশন ও ট্রেনে NYPD-র বর্ধিত, বেশি ঘনত্বের নিয়োগের ফলাফল, তখন

সম্পূর্ণ সাবওয়ে কারের ফ্লিটের জন্য অতিরিক্ত MTA ক্যামেরা লাগানো আমাদের তদন্তের সক্ষমতাকে আরো বৃদ্ধি করবে এবং মাটির উপরে ও নিচে আরো কার্যকর ও দক্ষ জননিরাপত্তা প্রদান করার ক্ষমতা বৃদ্ধি করবে।"

**নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের প্রেসিডেন্ট রিচার্ড ডাভে বলেন,** "এটি বার বার প্রমাণ হয়েছে যে ট্রানজিট ব্যবস্থায় ক্যামেরা থাকলে তা শুধু সাবওয়েতে নয়, পুরো শহরে অপরাধের সাথে লড়াই করতে সাহায্য করবে। ক্যামেরার নেটওয়ার্ক বিস্তৃত করা হলে তা যারা অপরাধ করতে চায় তাদের ট্রানজিট ব্যবস্থায় প্রবেশ ঠেকাবে।"

**MTA-র প্রধান সেফটি ও সিকিউরিটি কর্মকর্তা প্যাট্রিক ওয়ারেন বলেন,** "তদন্ত সমাধান করতে এবং অপরাধ ঠেকাতে ক্যামেরা অত্যন্ত গুরুত্বপূর্ণ হাতিয়ার। জনগণ এবং কর্মীদের নিরাপত্তা ও সুরক্ষা MTA-র অগ্রাধিকার এবং আমরা এই অগ্রাধিকারসমূহকে সমর্থন করে এমন ব্যবস্থা বাস্তবায়ন ও উন্নয়নের জন্য ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছি। এই অনুদান আমাদের সুরক্ষা ও নিরাপত্তা প্রচেষ্টার সমর্থনে একটি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপ।"

সকল মেট্রো-নর্থ ট্রেনে ক্যামেরা রয়েছে, এবং 90 শতাংশের বেশি লং আইল্যান্ড রেলরোডে সিকিউরিটি ক্যামেরা রয়েছে। গত বছর, প্রতিটি সাবওয়ে স্টেশনে ক্যামেরা লাগানোর কাজ ত্বরান্বিত করা হয় এবং তা নির্ধারিত সময়ের পূর্বেই শেষ হয়েছে। শুধু 2021 সালেই দুই হাজার ক্যামেরা লাগানো হয়।

MTA নিরাপদ ও নির্ভরযোগ্য গণপরিবহন প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং আর্বান এলাকার নিরাপত্তা উদ্যোগের অর্থ একটি সম্পূর্ণ পর্যবেক্ষণের আওতায় থাকা ট্রানজিট ব্যবস্থা পেতে কর্তৃপক্ষের মিশনকে আরেক ধাপ অগ্রসর করে, যা অপরাধ ঠেকাবে এবং যাত্রী নিরাপত্তা বৃদ্ধি করবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418